মেহেরপুরে মেয়র নির্বাচনে উন্নয়ন, করোনাকালীন সহায়তা ও আচরণ গুরত্ব দেবে ভোটাররা

বৈশ্বিক করোনা মহামারি সময়ে মানুষের পাশে দাঁড়ানো, ভাল ব্যবহার ও পৌর এলাকার উন্নয়নকে গুরত্ব দিয়ে এবারের পৌর মেয়র নির্বাচিত করবেন ভোটাররা। একই সঙ্গে বর্তমান মেয়র মাহফুজুর রহমান রিটনের ৫ বছরের সময়কাল এবং সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতুর ২৩ বছরের তুলনামুলক উন্নয়নের চুল চেরা বিচার বিশ্লেষন করেও ভোটাধিকার প্রয়োগ করবেন ভোটাররা। মেহেরপুর পৌরসভার ৯টি ওয়ার্ডেও সাধারণ ভোটারদেও সাথে কথা বলে এ ধরণের আভাস পাওয়া যাচ্ছে। তবে এ ক্ষেত্রে বর্তমান মেয়র মাহফুজুর রহমান রিটন এগিয়ে রয়েছেন সাবেক মেয়র মোতাচ্ছিম বিল্লাহ মতুর চেয়ে। তবে ১৫ জুন পর্যন্ত অপেক্ষা করতেই হবে বিজয়ের শেষ হাসিটা কে হাসবেন তা দেখার জন্য। তবে দুজন প্রার্থীই বিজয় নিয়ে আশাবাদ ব্যক্ত করেছেন।

ভোটাররা জানান, কথার ফুলঝুরি আর উন্নয়নের মিথ্যা প্রলোভন দেখিয়ে যারা আবারও ভোট চাইতে আসছেন, এসব প্রার্থীরা আমাদের বিপদের সময় কোথায় ছিলেন ? এবার আমরাও তাদের পাশে দাঁড়াবো, যারা আমাদের বিপদে পাশে ছিলেন।
মেহেরপুর পৌর সভার ভোটারদের একটি বিরাট অংশ সনাতন ধর্মালম্বী হিন্দুদের। এছাড়া শহরে রয়েছে প্রচুর ভাসমান ভোটার। ভোটারের অর্ধেকের বেশি রয়েছে নারী ভোটার।

মাহফুজুর রহমানের রিটনের ভোট ব্যাংকের মধ্যে বড় অংশ রয়েছে নারী ভোটার। যারা বিভিন্ন সময় তার কাছে থেকে বিভিন্ন ভাবে সহযোগীতা পেয়েছেন।

২নং ওয়ার্ড শহরের হালদারপাড়া এলাকার ভোটার নাইম রহমান জানান, করোণাকালিন সময়ে সবাই যখন দিশেহারা। মানুষের ঘরে খাবার ছিলনা। সবাই নিজেদের নিয়ে ব্যাস্ত,তখন মেয়র মাহফুজুর রহমন রিটন মানুষের দ্বারে দ্বারে ঘুরে খাবার পানিসহ অন্যান্য জিনিস পৌছে দিয়েছেন। একই ওয়ার্ডের শ্যামল কুমার জানান, মানুষ আতংকিত হয়ে যখন কেউ কারোর সাথে কথা বলা পর্যন্ত বন্ধ করে দিয়েছেন তখন রিটন আমাদের পাশে দাড়িয়েছেন। যারা আজ কথার ফুলঝুরি আওড়াচ্ছেন তারা করোণার

বিশ্বনবী সম্পর্কে অবমানাকর বক্তব্যের প্রতিবাদে দর্শনায় বিক্ষোভ সমাবেশ

মহানবী হযরত মুহাম্মদ (সা.) কে নিয়ে ভারতের ক্ষমতাসীন দল বিজেপির জ্যেষ্ঠ দুই নেতার অবমাননাকর বক্তব্যের প্রতিবাদে দর্শনা কেরু বাজার মাঠে বিক্ষোভ সমাবেশ অনুষ্টিত হয়েছে।

শনিবার বিকাল সাড়ে ৫ টায় কেরুজ বাজার মাঠে দর্শনা পৌর ইমাম সমিতির আয়োজনে কেরুজ বাজার মাঠে বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় বক্তারা বলেন, বিশ্ব মুসলিমদের হৃদয়ের স্পন্দন মহানবী (সা.) কে নিয়ে কুরুচিপূর্ণ বক্তব্য কোনো মুসলমানই মেনে নিতে পারে না। এসময় তারা বাংলাদেশ সরকারের প্রতি আহ্বান জানিয়ে রাষ্ট্রীয়ভাবে নিন্দা জানানোর দাবি জানান।

আরো বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির নেত্রী নুপুর শর্মা কর্তৃক মহানবী (সাঃ) কে কটুক্তির দায়ে ভারত সরকারকে রাষ্ট্রীয়ভাবে ক্ষমা চাইতে হবে। এছাড়াও ভারতের ক্ষমতাসীন দল বিজেপির দুই নেতার কটুক্তির প্রতিবাদে রাষ্ট্রীয়ভাবে নিন্দা জানানোর দাবি জানান দর্শনা পৌর ইমাম সমিতি।

সম্প্রতি ভারতীয় একটি টেলিভিশন বিতর্কে অংশ নিয়ে মহানবী হজরত মুহাম্মদ (সা.) ও তার স্ত্রী আয়েশা (রা.) সম্পর্কে অবমাননাকর বক্তব্য দেন নুপুর শর্মা। পরে একই বিষয়ে টুইটারে পোস্ট দেন নাভিন কুমার জিন্দাল।

এ বক্তব্য নেট দুনিয়ায় ছড়িয়ে পড়লে এ নিয়ে প্রতিবাদের ঝড় ওঠে সামাজিক যোগাযোগের অন্যতম মাধ্যম ফেসবুকে। মুসলিম সম্প্রদায়ের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে। সেই সাথে বিশ্বের অনেক মুসলিম দেশ প্রতিবাদ জানিয়েছে।

এ প্রতিবাদ বিক্ষোভ সমাবেশে ঈমাম সমিতির সভাপতি ও দর্শনা পুরাতন মসজিদের পেশ ইমাম নৃরুল ইসলামের নেতৃত্বে বক্তব্য রাখেন, দর্শনা বাসস্ট্যান্ড জামে মসজিদের ঈমাম ওসমান গণি,ঈশ্বরচন্দ্রপুর জামে মসজিদের ইমাম মোস্তাফিজুর রহমান।

এ ছাড়া দর্শনাসহ আশপাশ ৩৬ টি মসজিদের ইমাম ও মুয়াজ্জিনসহ প্রায় ১ হাজার থেকে ১২ শ মুসল্লিরা এ বিক্ষোভ সামাবেশে অংশ নেন।

বারাদি ইউপি নির্বাচনে দলীয় প্রার্থীর পক্ষে নির্বাচনী গণসংযোগে জাসদের নেতৃবৃন্দ

জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের দলীয় প্রার্থী নুরু উছ সাফা প্লাবনের মশাল মার্কা প্রতিকের জয় সুনিশ্চিত করতে নির্বাচনী পথসভা ও ভোট চেয়ে প্রচার প্রচারণা চালিয়েছেন কেন্দ্রীয় ও জেলা জাসদের নেতৃবৃন্দ।

শনিবার বারাদি ইউনিয়নের সিংহাটি গ্রামের বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনী প্রচারণা চালান তারা।

এসময় জাসদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও কুষ্টিয়া জেলা জাসদের সাধারণ সম্পাদক আব্দুল আলিম স্বপন, মেহেরপুর জেলা জাসদের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, ভেড়ামার পৌরসভার মেয়র ও কুষ্টিয়া জেলা জাসদের সদস্য আনোয়ারুল কবির টুটুল, নুরু উছ সাফা প্লাবন সহ দলীয় নেতাকর্মী ও সমর্থকরা উপস্থিত ছিলেন।

মহানবী (সাঃ) কে কটুক্তির প্রতিবাদে ঝিনাইদহে বিক্ষোভ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

শৈলকুপায় মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর সভা অনুষ্ঠিত

শেখ হাসিনার বারতা নারী পুরুষ সমতা এই শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপায় দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর সভা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকাল ১১টার দিকে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রাশেদ আল মামুন।

স্বাস্থ্য পরিদর্শক মোঃ শহিদুল ইসলামের সঞ্চালনায় সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম, ইউ এফ পি ও আব্দুল মজিদ,এসআই নাইমুজ্জামান, ইউপিআই সুপার আশরাফুজ্জামান ও মেডিকেল অফিসার শাহনেওয়াজ ইবনে কাশিম।

অনুষ্ঠানে দরিদ্র মায়ের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচীর আওতায় মা ও শিশু সহায়তা কর্মসূচীর ২০২১-২২ অর্থ বছরের ইউনিয়ন ও পৌরসভা রিসোর্সপূল প্রশিক্ষণ দেওয়া হয়।

শৈলকুপায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের শৈলকুপায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন ও অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল ১১টার দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানের সভাপতিত্ব করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাক্তার রাশেদ আল মামুন।

সভায় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা রেশমা খানম, ইউ এফ পি ও আব্দুল মজিদ,এসআই নাইমুজ্জামান, ইউপিআই সুপার আশরাফুজ্জামান ও মেডিকেল অফিসার শাহনেওয়াজ ইবনে কাশিম।

ডিসপ্লে এর মাধ্যমে উপস্থিত স্বাস্থ্য কর্মীদের ভিটামিন এ বিষয়ক সচেতনতামূলক পিকচার প্রদর্শন করেন শাহনেওয়াজ ইবনে কাশেম । এসময় বক্তারা ভিটামিন এ সম্পর্কিত বিভিন্ন খাদ্য এবং ভিটামিন এ ক্যাপসুল বিষয়ে বিস্তারিত বক্তব্য তুলে ধরেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন স্বাস্থ্য পরিদর্শক মোঃ শহিদুল ইসলাম।

মেহেরপুরে নৌকার প্রার্থীর পক্ষে মাঠে নামলেন জেলা জাতীয় পার্টির নেতৃবৃন্দ

কেন্দ্রীয় জাতীয় পার্টির কোনো নির্দেশনা নেই। জাতীয় পার্টির মেয়র প্রার্থী না থাকায় স্থানীয় জাতীয় পার্টির নেতৃবৃন্দ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে ভোটের প্রচারণায় নেমেছেন।

আজ শনিবার দিনব্যাপি জাতীয় পার্টির নেতৃবৃন্দ মেহেরপুর পৌর সভার বিভিন্ন ওয়ার্ডে মাহফুজুর রহমান রিটনের নৌকা প্রতিকের পক্ষে গণ সংযোগ চালিয়েছেন। গণসংযোগ শেষে ৭ নং ওয়ার্ডের নৌকার নির্বাচনী অফিসের সামনে পথসভা করেছেন।

পথ সভায় বক্তব্য রাখেন জেলা জাতীয় পার্টির আহবায়ক আব্দুল হাদী, সদস্য সচীব সুমন পারভেজ, মেহেরপুর পৌর জাতীয় পার্টির সভাপতি আব্দুল মান্নান, সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম, ধর্ম বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান, ৪ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি মইনুল

ইসলাম মধু, ৬ নং ওয়ার্ড জাতীয় পার্টির সভাপতি আবু জাফরসহ স্থানীয় নেতৃবৃন্দ।

বক্তারা বলেন, মেহেরপুর পৌর সভা নির্বাচনে জাতীয় পার্টি কোনো প্রার্থী মনোনয়ন দেইনি। তাই স্থানীয় জাতীয় পার্টির সিদ্ধান্ত মোতাবেক আমরা একজন যোগ্য ও সৎ প্রার্থীর পক্ষে অবস্থান নিয়ে আওয়ামী লীগের দলীয় প্রার্থীর পক্ষে নিয়েছি। আমরা এও সিদ্ধান্ত নিয়েছি জাতীয় পার্টি রিটনের পক্ষে থেকে নির্বাচন করবে। জাতীয় পার্টির কর্মী সমর্থক ও ভোটারদের নৌকার প্রার্থী মাহফুজুর রহমান রিটনের পক্ষে থাকার আহবান জানান তারা।

মহানবী (সা.) কে কটূক্তি প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী

প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে ভারতীয় বিজেপি মুখপাত্র নুপুর শর্মা ও প্রবীণ কুমার জিন্দাল আপত্তিজনক ও অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী পালন করেছে ধর্মপ্রাণ মুসল্লিরা।

শনিবার (১১ জুন) বাদ আছর কুষ্টিয়া শহরের এন এস রোডে্এই মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। সর্বস্তরের তাওহীদি জনতা কুষ্টিয়া এই মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে।

এর আগে খণ্ড খণ্ড মিছিল একত্রিত হয়ে মানববন্ধনে অংশ নেন হাজার হাজার ধর্মপ্রাণ মুসল্লিরা।

মোমতাজুল উলূম মাদ্রাসার মোহতামিম মাও: হাফেজ আরিফুজ্জামানের সভাপতিত্বে এবং আব্দুল মতিনের মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন কুষ্টিয়া কেন্দ্রীয় মসজিদের ইমাম ও খতিব মুফতি আসাদুজ্জামান, সাদ্দাম বাজার মসজিদের ইমাম ও খতিব মুফতি মাসুম বিল্লাহ আল বাশারি, যুব নেতা আবু সাঈদ টুটুল, পৌর ৩ নং ওয়ার্ডের

কমিশনার এস এম উসমান গনি, মুহাঃ নাহিন প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির নেতাদের একের পর এক ইসলাম ও মানবতার মুক্তির দূত মহানবী (সা.) এবং তাঁর পরিবার নিয়ে কটূক্তি সারা বিশ্বের মুসলমানদের চরমভাবে ক্ষুব্ধ করেছে।

ইসলাম বিদ্বেষী ক্ষমতাসীন বিজেপি নেতা কর্মীরা বিভিন্ন সময় আপত্তিকর মন্তব্য করে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাই। বিভিন্ন ইসলামী রাষ্ট্রীয় দেশে গুলো প্রতিবাদ করতে দেখা যায়। যারা আমাদের নবীকে নিয়ে অবমাননাকর মন্তব্য করেন তাদের শুধু স্থায়ী, অস্থায়ী বহিষ্কার করলেই হবে না। তাদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনতে হবে পরবর্তীতে কোন ব্যক্তি এই ধরনের মন্তব্য করতে সাহস না দেখায়। ভারতীয় পণ্য বর্জনের ঘোষণা দেন। মানববন্ধনে ভারতে মহানবী (সা.) কে কটূক্তির তীব্র নিন্দা জানানো হয়।

মেহেরপুর পৌর সভার দলীয় প্রার্থীর পক্ষে নির্বাচনী গণসংযোগে আওয়ামী লীগ নেতৃবৃন্দ

আওয়ামী লীগের দলীয় প্রার্থী মাহফুজুর রহমানের নৌকা মার্কা প্রতিকের জয় সুনিশ্চিত করতে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে নির্বাচনী পথসভা ও ভোট চেয়ে প্রচার প্রচারনা চালিয়েছেন নেতৃবৃন্দ। আজ শনিবার (১১ জুন) মেহেরপুর শহরের বিভিন্ন ওয়ার্ডে এ অভিযান চালান তারা।

এসময় মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও জেলা পরিষদের সাবেক প্রশাসক অ্যাডভোকেট মিয়াজান আলী, আব্দুল মান্নান, জেলা আওয়ামী লীগের সহসভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহীন,

বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের মেহেরপুর জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর জজ কোর্টের পিপি অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য, জেলা যুবলীগের সাবেক সভাপতি সাজ্জাদুল আনাম, জেলা স্বেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক সোয়েব রহমানসহ স্থানীয় আওয়ামীলীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্ উপস্থিত ছিলেন।

জীবননগর বকুন্ডীয়ায় মিথ্যা মামলার প্রতিবাদে সংবাদ সম্মেলন

জীবননগর উপজেলার বকুন্ডীয়া গ্রামের মিরাজের নামে করা মিথ্যা মামলার প্রতিবাদে মিরাজের পিতা জাকির হোসেন শনিবার বিকাল ৫টার সময় সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে জাকির হোসেন বলেন গত ৬ই জুলাই সোমবার আমাদের একই মহল্লাই বসবসকারী তারিকের মা রাত আনুমানিক ৯ টার দিকে নিজ ঘরেই ঈশার নামাজ আদায় করছিলেন এ সময় তারিকের বৃদ্ধা মাতাকে পিছন থেকে কে বা কাহারা এলপাতাড়ি ভাবে শরিরে কোপ দিয়ে পালিয়ে যায়।

পরে তাদের আত্নচিৎকারে মহল্লার সবাই ঘটনাস্থলে উপস্থিত হয়ে আহত বৃদ্ধাকে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যায়। ঘটনার সময় আমার ছেলে মিরাজ হোসেন একই গ্রামের অন্য পাড়াই চায়ের দোকানে বসে ছিলেন।

এ সময় বৃদ্ধার পুত্রবধু সহ কে বা কাহারা আমর ছেলে মিরাজের নাম উল্লেখ করে কথা বলেন যে, দিনের বেলাই মিরাজের সাথে এই বৃদ্ধার ছাগল নিয়ে কথা কাটাকাটি হয়েছিল হইতোবা সেই এই কাজটি করতে পারে।

তারই জের ধরে ঘটনার সময় উৎতপ্ত জনতা কোন কিছু বুঝে উঠার আগেই হাসাদাহ ক্যাম্পের পুলিশকে সংবাদ দিয়ে সন্দেহমূলক ভাবে আমার ছেলেকে পুলিশের কাছে সপর্দ করেন। আমার ছেলে সম্পূর্ণ নির্দোষ এবং নিরপরাধ। এই ঘটনা সম্পর্কে কিছুই জানেনা। তিনি আরো বলেন এই

ঘটনার সময় আমার ছেলে যে চায়ের দোকানে বসে ছিলেন তারো যথেষ্ট প্রমানও আছে।

সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন এই মামলার বাদি তারিক মামলার ভিকটিম রেহেজান বেগম অরফে বড়বুড়ি। তিনি নিজে সংবাদ সম্মেলনে উপস্থিত থেকে বলেন যে, আমি রাতে ঈশার নামাজ পড়ছিলাম সে সময় কে বা কাহারা আমার পিছন থেকে আঘাত করে পালিয়ে যায় আমি কাউকে চিনতে পারিনাই। আমার কারোর বিরুদ্ধে কোন অভিযোগ নাই।

এসময় আরো উপস্থিত ছিলেন গ্রামের গন্যমান্য বাক্তিবর্গ এবং গ্রামের আরো অনেকেই । সর্বশেষ সংবাদ সম্মেলনে জাকির হোসেন তার ছেলে মিরাজের বিরুদ্ধে করা এই মিথ্যা মামলা প্রত্যাহারের দাবিতে বাদি সহ সকল প্রশাসনের প্রতি জোর দাবি জানান ।